স্যাম্পেনের বুদ্ধদের মতো সুনন্দ সান্নিধ্য ছোঁয়া  
বিশ্বাস ও ভরসার সবটুকুন বিহঙ্গপথ—  
নীলের থেকেও নীল—প্রান্তরের বুকফাঁটা ধূ ধূ  
কষ্টে টানো পাশে, অনায়াসে দুখ-সুখ বেদনার  
হিস্যা নাও। রাত্রির নৈসঙ্গে—যথার্থ জোছনা ধোয়া  
উষ্যতার চাষে জোড়া পূর্ণিমার প্রভা—মতামত

রেখে যায় অন্তানন্দে, রঞ্জে রঞ্জে বুনে যায় সুখ-

সম্মাননা, শিশিরের ঘ্রাণ মেখে হৃষ্য হৃদ, নদী  
ডেকে নেয় সাগর সঙ্গমে, অবগাহনের স্রোতে  
আনে শিল্পের সুষমা—আনন্দ ভৈরবী রাগে, শুধু  
প্রীতি; বারো চাঁদ, তেরো তিথি অমাবস্যা—ভুলচুক  
শুধরে পাথুরে প্রহরেও প্রাণ-প্রাচুর্য; ওষধি-  
জীবন—ভালোবাসায় ভরে দাও শুদ্ধতর ব্রতে।

### যেনো মিলে যায়

আমাদের গল্পটা কোথাও না কোথাও যেনো মিলে  
যায়, মিলে যায় বধুনার বেলাভূমি, যন্ত্রণার  
জন্মদাগ। ক্ষরণের লালরঙ, বেদনার নীল—  
তিল তিল করে গড়ে তোলা সম্পর্ক সোপান লাভ-  
ক্ষতির হলুদ অজগর হা-মুখে হঠাৎ গিলে  
নেয়; 'সৎ' শিরোনামে তুলে আনা পিতৃ উপহার  
যুগান্তরের যন্ত্রণা—আগামীর দ্বারে আঁটে খিল

দু'জনার দাহ, রাগ-ক্ষোভ, সংবিধান, সংবেদন  
চোরাবালিতে আটকে পড়া অবদমিত বসন্ত,  
সুড়ঙ্গের ভেতর জীবন সৈঁধিয়ে আমরা রোজ  
অপেক্ষার গোছাই পালক। সুদিনের বুনি খাব,  
সুহৃদ-স্বজন-সহোদর বোঝেনি অন্তরকথন  
রাখেনি কথা ও কাজে মিল—ভেবেছি যাদের সন্ত;  
বিড়ম্বনার সংসারে সঙ সেজে তবু দিই পোজ।

নিউইয়র্ক

## রনি অধিকারী

## লোকালয় ছেড়ে একদিন

১

লোকালয় ছেড়ে চলে যেতে হবে নির্জন প্রান্তিকে  
ঢেকে রাখা ক্ষত, শোকাক্ত শরীর, প্রতীক্ষার নীল জলে হেঁটে।

ব্যর্থতার বিবর্ণ উঠোনে আগুন বেঁধেছে বাসা...  
লোকালয় ছেড়ে একদিন ঠিকঠাক চলে যাবো আমি  
জন্মান্বা ধূসর পৃথিবীর অনঙ্গ আড়ালে।

এইসব জেনে প্রতীক্ষার প্রার্থিত পুরুষ  
অবারিত ঘুমিয়েছে মাঠে,  
মাটি আর শরীরের শুনে শোকাক্ত সঙ্কুল জড়াজড়ি...

ছড়িয়েছে আকাশ নীলাভ আস্তরণ,  
রৌদ্র বিছিয়েছে নিঙড়ে নেবার রঙ,  
কুয়াশার অফুরন্ত ছড়াছড়ি।

এভাবে ঘুমিয়ে পৃথিবীর প্রতিটা পুরুষ আর নারী  
অশেষ জেনেছে অবারিত মাঠ আর প্লাবনের ঘাটে  
মিশে আছে স্বাদ কতোটা নিবিড় হয়ে!

২

প্রেতের নগর আর প্রবঞ্চনার সিঁড়িতে  
ঝুলে আমার ছায়ারা হেঁটে যায়...  
সূর্যের আড়ালে হেঁটে যাই আমি—

আমি যাই, যেতে হয়,  
পৃথিবীর প্রার্থনায় নিখর নির্জন  
নগ্ন নীরব, নীরবতায়;  
আমি যাই, যেতে হয়।

ঢাকা

## জসিম উদ্দিন টুটুল

## একটি বিড়াল

একটি বিড়াল আছে তোমার বাসায়  
কী অপার স্নেহেই না সিজু থাকে সেই ভাগ্যবান নিরীহ বিড়াল  
তুলতুলে নরোম শরীরে ঘুর ঘুর করে তোমার পায়ের কাছে  
দারুণ অহ্বাদে, প্রশ্নে কাটায় সারাদিন।  
তুমি বই অথবা চা হাতে দোলচেয়ারে যখন বসো—  
নিরিবিলি ধ্যানমগ্ন অতন্দ্র পাঠক,  
তোমার শাড়ির আঁচল খামচে ধরে টানাটানি করে,  
খুনগুটি আর লুটোপুটি চলে অবিরাম।

তোমার কপট বিরক্তি ও ঠিক বুঝে ফেলে  
সচকিতে সরে যায়, তথাপি আবার ফিরে আসে চুপি চুপি  
জামবাটি থেকে দুধ খায় চুক চুক শব্দ তুলে  
রুটির টুকরো বিস্কুট তোমার হাত থেকে খেয়ে নেয়  
অনায়াসে, সম্পূর্ণ নির্ভয়ে।

মাঝে মাঝে বিড়ালটিকে তুমিও কোলে তুলে নাও  
তোমার বুকের ওপর লেপটে থাকে পরম আদরে, চোখ বুজে ওম নেয়।  
প্রায়শই ওকে নিয়ে ছাদে চলে যাও দৌড়ে  
একসাথে দ্যাখো নীলাকাশ, দ্যাখো পাখিদের  
আমার তখন খুব হিংসে হয়, আমি মানুষ, সহসা  
মাথা কুটে মরি তোমার দুর্ভেদ্য ঘরের দেয়ালে প্রতিদিন  
অথচ পাইনি আজতক তোমার স্পর্শের ছায়া।  
সামান্য বিড়াল ছানা কেড়ে নিলো  
তোমার এতোটা অধিকার!

পরজন্মে তোমার বিড়াল হবো আমি।

ঢাকা

## Nicholas Birns

### Everything Cracks and Crushes: The Poetry of Naznin Seamon

Naznin Seamon is a poet of pain and dislocation, one who registers the “cold evening, awful summer, rainfall, disease” in which “everything cracks and crushes.” But she is also a poet of resilience and “adaptation.” The closing image of the opening poem of the book, “I have changed myself a lot,” depicts a bat on the roof banging on the window, in the light of an “inauspicious moon.” The poem is turbulent and reveals a restless unhappiness, but also a determination to persevere, to make the best of what is.

Seamon registers and responds to her own experience as a woman who left Bangladesh as an adult and started a family and career in the United States. But these poems, ably and resourcefully translated by her husband, Hassanul Abdullah, also reach out to larger social issues, such as the world refugee crisis and the tragic consequences of the war in Iraq. Usually the poetic response to these public tragedies is either moral outrage, a fiery, prophetic denunciation, or moral witness, an observant, vigilant determination not to let the reality of human suffering fall into the traps of ideological falsification. Seamon takes a third path here, one of moral inclusion: of responding to public tragedy by letting it all come in. Thus the importance to Seamon of ordinary experienced, sought out by the poet not as a tough histone of the real or a treasure trove of oddities but as an arena for including as much as possible. Thus in the book’s second poem, Seamon, though not precisely identifying herself as a postmodern poet, identifies the difference between postmodernism and modernism as being that postmodernism is messier and needs to be in order to be more inclusive. Thus poetry can include “a homemade rice cake/the flavor of tea/the mailbox.” Thus seamon’s poetry

reaches out to the political by including radically specific aspects of ordinary experience. But it is not the specificity but the inclusiveness that matters.

And it is here that, despite her clear awareness and understanding of postmodernism, I would not see Seamon herself as a postmodern poet because rather than trivializing the extremes of delight and pain by mixing them up with so much data, she uses her moral inclusiveness to accentuate the intensity with which her poetry renders pain and delight.

This can be seen in “A Dream to Destroy.” Here, the poet notices the forces driving the world to destruction, which other poetic perspectives might wish to lament, to prevent, or to denounce. This poet instead wishes to get in on the act, to destroy it further, no other because she shares the motives of those who would destroy the world, but because there are moments when she, like many of us, is so angry at the way things are going that imagining total destruction is an act of raise that seems cleansing. Both the graphic language used in this poem and the urge to total destructive essay go beyond the traditional posture of moral outrage which depend on a base of stability. This is not because the poet loves the world less but because she loves it so much more, loves it so much that they are moments when her despair for it drives her into blinding, destruction enrage at what the translation—using alliteration in place of the assurance in the original Bengali, calls the “speechless, silent, and submerged world.” Alliteration, so deeply embedded in the historical consciousness of English verse, is an effective edifice here to convey both the abandon into which the world has fallen and the deep, residual caring for it the poet feels in spite of herself. Similarly, “Human Race from the East” describes the human civilization of the past four millennia as an “abscess” that grows more diseased the more it grows away from its Eastern origins.



This is a world in which dreams do not come true. The poet says that in her girlhood, she “dreamed of walking through/the horizon on the field below the sky.” But the world’s atrocities—the poem uses imagery from the marshes of Iraq—yield only a “thin skyline” as the sole, limited realization of the vanished dream. Analogously, in “My Desired Destination,” the hopes for the new twenty-first century, the dreams of “an assimilating circle” that would bridge life and death, turns out to be only melancholy, far from euphoria.

In a book of this, full of pain and disappointment, the only hope can be in the language and poetic posture. Naznin Seamon’s moral inclusiveness makes impressive poetry out of her rendering of the world’s pain. The poems are accompanied by abstract collages by John Digby, which both spur the reader to address the complex messages of the words and register some of the virulence and disappointment conveyed by Naznin Seamon’s poetry of bitter eloquence.

New York University, NY

*Hollowness on the Horizon*, by Naznin Seamon, Published by Joan Digby, Feral Press, Long Island, 2016 Cover by John Digby. Translated from the Bengali by Hassanul Abdullah.

## সম্পাদকের জার্নাল/Editor’s Journal

### সৈয়দ হক: বেঁচে থাকবেন

কারিবিয়ান দ্বীপের কবি ডেরেক ওয়ালকটের বিশ্বজয়ী মহাকাব্য ‘ওমারস’ পড়ে এতোটাই মজে গিয়েছিলাম যে মনে হচ্ছিলো বাংলা ভাষার বড়ো কবিরা এমন কাজ করছেন না কেনো। ইতিমধ্যে সৈয়দ শামসুল হক ১৯৯৩ সালে নিউইয়র্কে বেড়াতে এলে তাঁকে প্রশ্ন করে বসি, বাঙালী কবিরা কি এমন কিছু করবেন বলে ভাবেছেন! তিনি কোনো ভণিতা ছাড়াই সরাসরি উত্তর দিলেন, তুমিও তো কবি, যদি মনে করো এমন কিছু করা দরকার, কাজে লেগে যাও। বাসায় ফিরতে ফিরতে ভাবলাম, হক ভাইতো ঠিকই বলেছেন, আমিও তো কাজে হাত দিয়ে দেখতে পারি! এর পরের কাহিনী অন্যরকম। পরবর্তী ১২ বছর আমার কেটেছিলো ‘নক্ষত্র ও মানুষের প্রচ্ছদ’ লিখতে। ২০০৭ সালে অনন্যা প্রকাশনীর কল্যাণে বইটি আলোর মুখ দেখলে হক ভাইকেও মেলায় এককপি দিলাম। বলা যায়, এই বই লিখতে সৈয়দ হক আমাকে উস্কে না দিলে হয়তো কাজটি আমার কখনোই করা হতো না। কিন্তু এর মাঝে সময়ও গড়িয়েছে অনেক।

একথাও সত্য যে পঞ্চাশ ও ষাট দশকের অন্যান্য কবি যেমন, শামসুর রাহমান, আল মাহমুদ, শহীদ কাদরী, হুমায়ূন আজাদ, রফিক আজাদ ও নির্মলেন্দু গুণ, এঁদের যতোটা সান্নিধ্য পাওয়ার সুযোগ হয়েছে, সৈয়দ হকের অতোটা কাছাকাছি কখনোই আসতে পারিনি। ২০০৮ সালে আমার অনুবাদে ‘শব্দগুচ্ছ’র বিশেষ সংখ্যা ‘পোয়েটস অব বাংলাদেশ’ বেরুলে আমি এক কপি দেবার জন্যে সৈয়দ হকের গুলশানের বাসায় যাই। দারোয়ান নাম শুনে অপেক্ষা করতে বলেন এবং কিছুক্ষণের মধ্যে ফিরে এসে পথ দেখিয়ে বাইরের ঘরে নিয়ে যান। দিনের বেলায়ও তখন অসংখ্য মশা আমাকে যন্ত্রণা দিতে থাকে। আমি হাত দিয়ে যতোটা পারি সামলানোর চেষ্টা করি। প্রায় দশ মিনিট পরে সৈয়দ হক আসেন এবং তাঁর জন্যে নির্ধারিত সোফায় বসেন। আমি পত্রিকাটি তাঁর হাতে তুলে দেবার আধা মিনিটের মধ্যে তিনি বলে ওঠেন, আজ আমার একটু তাড়া আছে। আমি বলি, এতোদূর থেকে পত্রিকাটি বয়ে আনলাম, আপনার কবিতার অনুবাদ খুলেও দেখবেন না! তিনি পাতা উল্টাতে উল্টাতে বললেন, শহীদ কাদরীকে নিয়ে তোমরা এই সময়ের কবিরা যা ভাবো আসলে তা তিনি নন। আমি অবাক হয়ে তাঁর দিকে তাকালাম। তিনি আবারও বললেন, আমার একটু তাড়া আছে। আমি হাত দিয়ে মশাগুলো পুনরায় সরিয়ে উঠে পড়লাম। মনে মনে ভাবলাম, শহীদ কাদরীকে নিয়ে যে গ্রন্থ আমি রচনা করেছি এই অপমান তারই প্রতিফলন। তবে তিনি কিছুটা হলেও সৌজন্যতা রক্ষা করলেন, দরজা পেরিয়ে সামান্য হেঁটে আসলেন আমার সাথে। কিন্তু আমি কিছু একটা জিজ্ঞেস করতে গেলে তিনি আবারো জানালেন যে তাঁর তাড়া আছে। আমি বিদায় নিয়ে বেরিয়ে গেলাম। আমার শরীরের রক্তকণা টগবগ করে ফুটতে লাগলো, কারণ আমি তো এপয়েন্টমেন্ট করেই গিয়েছিলাম। তাঁর এমন আচরণ মেনে নিতে কষ্ট হচ্ছিলো।

**SHABDANEWS:****হাসানআল আব্দুল্লাহ হোমার মেডেল পুরস্কারে ভূষিত**

২৭ জুন চীনের সিকুয়ান প্রদেশের লিংশ্যান ইগল গ্রাভ থিয়েটারে প্রায় ১০ হাজার লোকের উপস্থিতিতে কবি হাসানআল আব্দুল্লাহ'র হাতে তুলে দেয়া হলো ইয়োরোপিয়ান কবিতা পুরস্কার হোমার মেডেল। এর আগে পুরস্কার কমিটির সভাপতি পোল্যান্ডের কবি ও প্রকাশক ডারিউস টোমাস লাবিয়ডা হাসানআল আব্দুল্লাহকে একজন শক্তিশালী বাংলাদেশী কবি হিসেবে পরিচয় করিয়ে দেন। সঙ্গে সঙ্গে তাঁকে জুরি বোর্ডের আজীবন সদস্য হিসেবেও মনোনীত করার কথা ঘোষণা করেন। নতুন ধারার সনেট ও মহাকাব্য রচনার ভেতর দিয়ে বিশ্ব কবিতায় বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ কবিকে এ পুরস্কার দেয়া হয়। অন্তর্গত চীনের কবি জিডি মাজিয়া, প্যারিসে বসবাসরত মরক্কোর কবি জালাল এল হাকমোই ও মার্কিন কবি বিল ওয়ালেসকেও একই পুরস্কারে ভূষিত করা হয়। চীন সরকারের আমন্ত্রণে সাত দিনব্যাপী সিন্ধু রুট কবিতা উৎসবে যোগ দিতে কবি হাসানআল আব্দুল্লাহ ওই মুহূর্তে শীচ্যাং শহরে অবস্থান করছিলেন। উৎসবে ২২টি দেশের মোট ২৯ জন আন্তর্জাতিক কবিকে আমন্ত্রণ করা হয়। পুরস্কার প্রাপ্তির পর কবি তাঁর বক্তব্যে পুরস্কার কমিটিকে ধন্যবাদ জানান। উল্লেখ্য, শব্দগুচ্ছ সম্পাদক কবি হাসানআল আব্দুল্লাহ দীর্ঘদিন ধরে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে শিক্ষকতা করেন। ১২টি কাব্যগ্রন্থসহ সাহিত্যের বিভিন্ন শাখায় তার প্রকাশিত গ্রন্থসংখ্যা ৩৬। তিনি প্রবর্তন করেছেন 'স্বতন্ত্র সনেট' এবং মানুষ ও মহাবিশ্বের চলমানতা নিয়ে লিখেছেন মহাকাব্য, 'নক্ষত্র ও মানুষের প্রচ্ছদ'। ইংরেজি, ফরাসি, স্প্যানিশ, পোলিশ, কোরিয়ান, চীনা ও ভিয়েতনামী ভাষায় অনূদিত হয়েছে তাঁর কবিতা। ত্রিশের অধিক বাঙালী কবিকে ইংরেজিতে ও বিশ্বের নানা ভাষার কবিদের বাংলায় অনুবাদ করে তিনি যথাক্রমে 'পোয়েটস অব বাংলাদেশ' ও 'বিশ্ব কবিতার কয়েক ছত্র' নামেও দুটি গ্রন্থ প্রকাশ করেছেন। সম্পাদনা করেছেন 'বিশ শতকের বাংলা কবিতা'র বৃহৎ সঙ্কলন। ২০১৬-র ফেব্রুয়ারির বইমেলায় শিল্প-সাহিত্যের ছোটো কাগজ 'অনুভূতি' প্রকাশ করেছে বিশেষ হাসানআল আব্দুল্লাহ সংখ্যা।

**লং আইল্যান্ড ইউনিভার্সিটিতে কবিতা পড়লেন বাঙালী কবি দম্পতি**

বাঙালী কবি-দম্পতি হাসানআল আব্দুল্লাহ ও নাজনীন সীমন ২৯ নভেম্বর, মঙ্গলবার, আমন্ত্রিত কবি হিসেবে কবিতা পড়লেন এল আই ইউ পোস্ট নামে খ্যাত লং আইল্যান্ড বিশ্ববিদ্যালয়ের পোয়েটি সেন্টারে। প্রচণ্ড বৃষ্টি উপেক্ষা করে অর্ধশতাধিক ছাত্র-ছাত্রী এই দুই বাঙালী কবির কবিতা শোনার জন্যে দুপুরে জড়ো হয়েছিলেন বিশ্ববিদ্যালয়ের টিলাস সেন্টারে। মুহূর্তে করতালির মাধ্যমে পোয়েটি সেন্টারের পরিচালক ও বিশ্ববিদ্যালয়ের ক্রিয়েটিভ রাইটিং বিভাগের প্রধান প্রফেসর জোন ডিগবে উভয়কেই পরিচয় করিয়ে দেন। তিনি বলেন, দু'জনেই বাংলাদেশে জন্ম নিলেও দীর্ঘদিন ধরে বসবাস করছেন নিউইয়র্কে, যেখানে তাঁরা শিক্ষকতা পেশায় নিয়োজিত। হাসানআল আব্দুল্লাহর নতুন ধারার স্বতন্ত্র সনেট ও মহাকাব্য নিয়ে রচিত তাঁর মহাকাব্যের কথা, এবং নাজনীন সীমনের সদ্য প্রকাশিত অনুবাদগ্রন্থ 'হলোনেস অন দ্যা হরাইজন'-এর কথা উল্লেখ করে তিনি বলেন, এঁদের কবিতা ব্যাপ্তির দিক দিয়ে বিচিত্র বিষয়কে স্পর্শ করেছে এবং ইতিমধ্যেই এঁরা আন্তর্জাতিক অঙ্গনে যথেষ্ট পরিচিতি লাভ করেছেন। প্রথমে কবিতা পড়েন শব্দগুচ্ছ সম্পাদক কবি হাসানআল আব্দুল্লাহ। তিনি তাঁর প্রকাশিতব্য দ্বিভাষিক গ্রন্থ 'স্বতন্ত্র সনেট: এ বাইলিঙ্গুয়াল এডিশন' থেকে বেশ কয়েকটি সনেট পড়েন। এ পর্যায়ে তিনি পেট্রার্ক ও শেক্সপীয়ারের সনেট থেকে তাঁর রচিত সনেট কিভাবে আলাদা তারও বর্ণনা দেন। তিনি তাঁর অন্য দুটি দ্বিভাষিক গ্রন্থ 'আন্ডার দ্যা থিন লেয়ারস অব লাইট' ও 'ব্রেক অব বেঙ্গল' থেকেও বেশ কিছু কবিতা পড়েন। বাংলায়ও তিনি একটি কবিতা পড়ে শোনান। তিনি শব্দগুচ্ছ অনুবাদ সংখ্যা থেকে নিজের অনুবাদে ড. হুমায়ুন আজাদের কবিতা 'আমি খুব ছোট কিছু'র জন্যে পড়ে শোনান। ২০০৪ সালে ঢাকায় ড. আজাদকে আক্রমণ, বার্মুন্ডাতে চিকিৎসা ও পরে

পরদিন আমার নিউইয়র্কে ফিরে আসার কথা। এয়ারপোর্টে পৌঁছে হাতে যে সময় পাওয়া গেলো সেটুকু কাজে লাগানোর জন্যে ইমেল চেক করতে বসে গেলাম। চোখকে বিশ্বাস করতে পারছিলাম না সৈয়দ হকের বেশ বড়োসড়ো একটি ইমেল বার্তা পেয়ে। তিনি আগের দিনের আচরণের জন্যে ক্ষমা চেয়েছেন, 'শব্দগুচ্ছ'র প্রশংসা করে পত্রিকাটি নিয়মিত পড়ার ইচ্ছাও পোষণ করেছেন। আমি নিউইয়র্কে ফিরে তাঁকে ধন্যবাদ জানিয়ে উত্তর পাঠালাম। এই ঘটনার কিছুদিন পরে হক ভাইয়ের ফোন পেলাম লন্ডন থেকে। বিভিন্ন বিষয়ে অনেকক্ষণ কথা হলো তাঁর সাথে। কিন্তু আমি বুঝতে পারছিলাম যে তিনি তখনও নিশ্চিত হতে পারেননি আমি তাঁর করা সেই অপমানের কথা ভুলতে পেরেছি কিনা। বছরখানেক পরে তিনি ওয়াশিংটন ডিসিতে এসেছিলেন অন্য কাজে। সেখান থেকেও আমাকে ফোন করলেন। প্রসংস্ক্রমে 'নক্ষত্র ও মানুষের প্রচ্ছদ' পড়ার অভিজ্ঞতার কথা বলে আমাকে অভিনন্দনও জানালেন। সেই থেকে হক ভাইকে আমি প্রায় নিয়মিত 'শব্দগুচ্ছ' পাঠিয়েছি। মাঝে কখনো পেতে দেবী হলে তিনি ইমেল করেছেন। ঢাকায় কখনো আমার বইয়ের প্রকাশনা উৎসবে, কখনো 'শব্দগুচ্ছ' পুরস্কার প্রদান অনুষ্ঠানে উপস্থিত থেকে আমাকে সম্মানিত করেছেন তিনি। কিন্তু তাঁর গুলশানের বাড়িতে আর কখনোই আমার যাওয়া হয়নি।

২.

সৈয়দ শামসুল হক বাংলাদেশে সব্যসাচী লেখক হিসেবে পরিচিত। সাহিত্যের প্রায় সব শাখায় তিনি বিচরণ করেছেন। এটি একজন লেখকের বড়ো মাপের অর্জনই বলা যায়। তবে মঞ্চ নাটকে যে উৎকর্ষ এসেছে, কিম্বা নিজস্ব যে রূপ নিয়ে চূড়া স্পর্শ করেছেন, সাহিত্যের অন্যান্য শাখায় তা তিনি করতে পারেননি। প্রায়ই আমার মনে হয় বাংলাদেশের লেখকেরা উপন্যাসের আঙ্গিকটি আজ পর্যন্ত ধরতে পারেননি। ফলত, হাতে গোণা কয়েকটি বিশ্বমাপের উপন্যাস, যেমন 'খোয়াবনামা', 'প্রদোষে প্রাকৃতজন' ও 'শুভব্রত', তার সম্পর্কিত সুসমাচার' ইত্যাদি ছাড়া সাতচল্লিশোন্ডর বাংলা সাহিত্যের এই শাখাটি বেশ দরিদ্রই রয়ে গেছে। সৈয়দ হকের 'খেলারাম খেলে যা' পাঠযোগ্য উপন্যাসের তালিকায় উঠে আসলেও, ব্যাপ্তি ও বুননে চূড়াস্পর্শী হয়ে উঠতে পারেনি। তাঁর কিছু কবিতা, কিছু গল্প আমাদের আন্দোলিত করবে তাও ঠিক, কিন্তু সমগ্র পাঠে একটি অতৃপ্তি থেকেই যাবে বলে ধারণা করি। তবে বাংলা নাটকে তিনি বেঁচে থাকবেন অনন্তকাল, তাঁর নির্মাণশৈলী নিয়ে কথা বলবে নতুন প্রজন্ম।

৩.

২০১৬ সম্ভবত হারানোর দিক দিয়ে ষোল কলা পূর্ণ করে দিলো। রফিক আজাদ, শহীদ কাদরী ও সৈয়দ শামসুল হক। আমাদের স্বাধীনতার পক্ষের এই শক্তিশালী কণ্ঠগুলো মাত্র ক'দিনের মধ্যে ঝরে গেলো। বাংলাদেশের জন্যে এ এক অপূরণীয় ক্ষতি।

—হাসানআল আব্দুল্লাহ

জার্মানিতে হত্যা ইত্যাদি ইতিহাস তুলে ধরে তিনি বলেন, “এই মহান কবি কিন্তু ছোট্ট কিছু জনে মারা যাননি! মারা গেছেন মৌলবাদের বিরুদ্ধে লড়াই করতে করতে।”

ইংরেজী অনুবাদে একে একে অনেকগুলো কবিতা পড়েন কবি-গল্পকার ও জন এডামস হাইস্কুলের ইংরেজী বিভাগের শিক্ষক নাজনীন সীমন। বাংলা ছাড়াও সরাসরি ইংরেজীতে লেখা বেশ কয়েকটি কবিতাও পড়েন তিনি। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে ৩০ লক্ষ শহীদের কথা উল্লেখ করে বলেন, “আমি বাঙালী এটা আমার জন্যে গর্বের! পৃথিবীর যেখানেই যাই না কেনো বাংলাদেশের পতাকা দেখলে বুক ভরে ওঠে।” বিশ্বের দেশে দেশে হত্যা নিপীড়ন ও নির্যাতনেরও নিন্দা করেন তিনি। পাঠ শেষে প্রফেসর ডিগবে দুই কবিকে পাশাপাশি দাঁড় করিয়ে তাঁদের কবিতার শব্দচয়ন, বিষয়বস্তু ও বিস্তৃতি নিয়ে আলোচনা করেন। তিনি বললেন, “তবে এঁরা দু’জনই কিন্তু নারীবাদি।” তিনি কবিদের হাতে পোয়েটি সেন্টারের পক্ষ থেকে সম্মানী তুলে দেন। সবশেষে শব্দগুচ্ছ পত্রিকার বেশ কিছু সৌজন্য কপি ছাত্রছাত্রীদের মাঝে বিলি করা হয়। উল্লেখ্য ইতিপূর্বে ২০১৩ সালেও লং আইল্যান্ড ইউনিভার্সিটি এই দুই কবিকে আমন্ত্রণ জানিয়েছিলো।

#### নিউজার্সিতে হয়ে গেলো বুদ্ধদেব বসুর ১০৮তম জন্মদিনের অনুষ্ঠান

নিউজার্সির নিউ বার্নসউইকে ১৮ ডিসেম্বর, রোববার, ‘আস্থা’র আয়োজনে হয়ে গেলো বুদ্ধদেব বসুর জন্মদিনের অনুষ্ঠান। বিরূপ আবহাওয়ার ভেতরেও দূর দূরান্ত থেকে এসেছিলেন অতিথিরা। নিউইয়র্ক থেকে গিয়েছিলেন কবি ও শব্দগুচ্ছ সম্পাদক হাসানআল আদুল্লাহ। উদ্বোধনী বক্তৃতায় তিনি আধুনিক বাংলা কবিতার পথরেখা নির্মাণ, জীবনানন্দের মতো একজন বড়ো কবিকে আবিষ্কার, বাংলা গদ্যে সাবলীলতা তৈরি, কবিতা পত্রিকার মাধ্যমে তরুণদেরকে উৎসাহ দেয়া, ও ‘যে আঁধার আলোর অধিক’ কাব্যগ্রন্থে একটি অনুকরণীয় ভাষা সৃষ্টির ভেতর দিয়ে বুদ্ধদেব বসু বাংলা কবিতায় যে বিশালতম অবদান রেখেছেন সেইসব স্মরণ করিয়ে দিয়ে আয়োজকদের ধন্যবাদ জানান। তিনি তাঁর নির্বাচিত কবিতা থেকে বেশ কয়েকটি কবিতা পড়ে শোনান। এরপর একে একে স্মৃতিচারণ, বুদ্ধদেব বসুর কবিতা থেকে পাঠ ও সঙ্গীতের পসরা সাজিয়ে বসেন ‘আস্থা’র সদস্যরা। অংশ নেন অমিতাভ সেনগুপ্ত, মাহমুদা আমিন ইরানী, সোমা নাসরীন, মেহের নিগার, মোসলেম আহমেদ, গৌতম চ্যাটার্জি, অজান্তা সিদ্ধিকী, মাজহারুল ইসলাম পলাশ ও সাকিব রহমান প্রমুখ। এই আয়োজনের আরেকটি অংশ ছিলো সদ্য প্রয়াত বুদ্ধদেব বসুর দৌহিত্র গোগোকে স্মরণ। স্মৃতিচারণে অনেকের চোখেই জল নেমে আসে। নানা গুণে গুণান্বিত এই মানুষটির এতো তাড়াতাড়ি চলে যাওয়া যেনো কেউই মেনে নিতে পারেননি, বক্তাদের কথায় তারই প্রতিধ্বনি শোনা যায়। দুপুর থেকে সন্ধ্যা পর্যন্ত এই অনুষ্ঠানটি উপস্থাপন করেন কবি ও নাট্যশিল্পী ফারুক আজম। তিনি বুদ্ধদেব বসুর কবিতা থেকেও চমৎকার আবৃত্তি করেন। নৈশ্য ভোজের আয়োজন করেন মাহমুদা আমিন ইরানী।

#### বিজয় দিবস ও নাজনীন সীমনের জন্মদিনের অনুষ্ঠান

১৭ ডিসেম্বর, শনিবার, উডহেডেনে শব্দগুচ্ছ পত্রিকা অফিসে বিজয় দিবসের অনুষ্ঠান ও কবি নাজনীন সীমনের জন্মদিন পালন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রবীণ সাংবাদিক ও অধুনালুপ্ত সাপ্তাহিক প্রবাসী সম্পাদক সৈয়দ মোহম্মাদ উল্লাহ। বিজয়ের মাহেন্দ্রক্ষণে জন্ম নেয়া এই কবিকে তিনি অভিনন্দন জানান। তিনি তাঁর বক্তব্যে মুক্তিযুদ্ধ জাদুঘরের জন্যে আরো সম্প্রসারিত জায়গা নির্ধারণ কল্পে সরকারের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন নাজমুল কাদির, পূর্ণ মুখার্জী ও হাসানআল আদুল্লাহ। কবিতা পড়ে শোনান নাজনীন সীমন ও আনুসির রহমান অপু। পরে দীর্ঘক্ষণ রবীন্দ্রসঙ্গীত শোনান শফি চৌধুরী, মিনি কাদির ও মৌগন্ধা আচার্য। উল্লেখ্য কবি নাজনীন সীমনের প্রকাশিত গ্রন্থসংখ্যা ছয়। ২০১৬ সালে ইংরেজী অনুবাদে তাঁর কবিতার বই প্রকাশ করেছে মার্কিন প্রকাশনা সংস্থা ফেরল প্রেস। তিনি নিউইয়র্ক সিটি হাইস্কুলের ইংরেজী সাহিত্যের শিক্ষক হিসেবে কর্মরত ও স্থানীয় ঘাতক দালাল নির্মূল কমিটির সহ-সভাপতি।

## LETTERS TO THE EDITOR:

See if you can now grab the most wanted prize of all prizes, the million dollar Nobel. It's not very far from Bangladesh! When in Sweden, I told the Nobel Committee, not to trouble the writers who crossed 70 years of their life without it. So in other words, I withdrew myself from the race.

Now it is your turn. You are around 50 and have some well translated works published around the globe. Upon receiving the award, you can think of appointing some European agent to deal with it. Tagore got it in 1913 when he was 52 and received the crest and delivered his historic Nobel speech 8 years later in 1921 when he could comfortably visit Stockholm. Follow the Tagore's way. Congratulations!

**Nirmalendu Goon, Dhaka**

May 24, 2016

Dear Sir, Thanks for sending me a copy of the Jan-June 2016 issue of *Shabdaguchha* which I received a few hours ago. I shall send my latest book of poems 'The Fox Land and Selected Poems' which may come out in September. Once again I am taking the opportunity to submit my poems for the next issue of your esteemed journal. I shall be grateful if they are selected. Thanks and regards,

**Bishnupada Ray, Kolkata**

August 17, 2016

*Shabdaguchha* finally landed in Greece. I've found many interesting poems inside this volume and thinking about translating them in the next year issues of "KL" (depends on time, which is not dilatable, sadly). I'm also thinking about an anthology of poets published in my quarterly, though it's a future song (but beautiful, don't you think?).

**Tomasz Marek Sobieraj, Greece**

August 18, 2016

Gregory [Gregory Rabassa] was one of a kind, a great translator and a great man. His heart was so large, it encompassed large segments of humanity. He valued friendship, and he was friends with some of the greatest writers of Latin America. I am privileged that he considered me to be one of his friends. I'm deeply moved by the memory of the many times we met for work and play, for the times we shared in Sicily, the lunches at the Russian Samovar, and events in East Hampton.

**Stanley H. Barkan, New York**

June 19, 2016

Terrific! "As man sows, so shall he reap. In works of fiction, such men are sometimes converted. More often, in real life, they do not change their natures until they are converted into dust."—Charles W. Chesnutt

Your passion and dedication are remarkable. You totally deserve to reap the fruits now. Extremely happy for you and wish you the best.

**Naznin Seamon, New York**

May 25, 2016

বাংলা নতুন ধারার সনেটের প্রবর্তক নিউইয়র্কবাসী কবি ও গুণীজন হাসানআল আব্দুল্লাহ। ফেসবুক যোগসূত্র নভেম্বর ২০১২। দ্বিভাষিক কবিতা পত্রিকা *শব্দগুচ্ছ*-এর তুখোড় সম্পাদক। তাঁর প্রতিটি সৃষ্টির পাঠমুগ্ধ আমি। তিনি এযাবৎ দেশ বিদেশে কুড়িয়েছেন অনেক সম্মান। আমার প্রিয় মানুষ, প্রিয় কবিদের তালিকায় তিনি একজন। কবি আপনি যেখানে থাকুন সুস্থ থাকুন। সাহিত্যাকাশে উজ্জ্বল নক্ষত্র হয়ে বেঁচে থাকুন হাজার বছর ধরে।

**আরিফুল ইসলাম, ঢাকা**

১০ সেপ্টেম্বর, ২০১৬

কবিকে হারানোর বেদনা যে আপনার জন্য কতোখানি তা আমি বুঝি। আপনি কত বছর ছায়ার মতো পাশে ছিলেন। এতো আপনজনের চেয়েও বড়ো আপনজন। আপনার কবিতায় সেই দুঃখ ফুটে উঠেছে সুন্দর ভাবে। একবছর আগে আপনি আমি পূরবী বসু (মাসী), জ্যোতিপ্রকাশ দত্ত (মেসো) আর নূহ উল আলম লেনিন ভাই মিলে গিয়েছিলাম তাঁকে [শহীদ কাদরী] জন্মদিনের অভিনন্দন জানাতে। আজ তিনি মহাকালের অংশ।

**শাহাব আহমেদ, ফ্লোরিডা**

৩০ আগস্ট, ২০১৬

শ্রদ্ধেয় প্রাণপ্রিয় কবি মহোদয়, আমি শত চেষ্টা করেও আপনাকে ফ্রেণ্ড রিকোয়েস্ট পাঠাতে ব্যর্থ ছিছি। আমার ফেইসবুকের সম্মানিত বন্ধু যুক্তরাষ্ট্র প্রবাসী শ্রদ্ধেয় হাসান আলী সাহেবের আইডিতে প্রদর্শনকৃত পোস্ট থেকে আপনার বিষয়ে জেনেছি। আপনি বিশ্বখ্যাত কবি, আপনার বিষয়ে জানতে পেরে স্বাভাবিক ভাবে আপনার প্রতি শ্রদ্ধাবোধ জাগে। আমি অতিশুদ্ধ নগণ্য একটি কবিতা আপনার জন্য লিখেছি এবং তা আমার আইডিতে প্রকাশ করছি। কামনা করি, এই ক্ষুদ্রের ভুল-ত্রুটি ক্ষমা করবেন।

যুক্তরাষ্ট্রবাসী, দেশমাতার বীরসন্তান,  
বিশ্ব সাহিত্য জগতের উজ্জ্বল রবি,  
শ্রদ্ধেয় প্রিয় হাসানআল আব্দুল্লাহ,  
গুণী-গুজানী, বিশ্বখ্যাত কবি। চির দরিদ্র দুঃখী  
অসহায়ের পরমবন্ধু, মহানুভবতার উজ্জ্বল দৃষ্টান্ত,  
ন্যায়ের প্রতীক, প্রেরণাদায়ক, অমৃত তাঁর মহান বাণী,  
হৃদয়ে তাঁর বাংলাদেশ, দেশপ্রেমিক।  
মনোমুগ্ধকর অমৃত ছন্দের কারিগর,  
মহাপ্রাণ, ইতিহাসের জীবন্ত কিংবদন্তী,  
দেশ জাতি বিশ্বমানবের প্রতি বহু অবদান,  
প্রাণপ্রিয় কবি বিনম্র শ্রদ্ধা তোমার প্রতি।

**তাহের আহমেদ রাজু, ঢাকা**

১৮ জুলাই, ২০১৬

জনাব হাসানআল আব্দুল্লাহ ও নাজনীন সীমন আপনাদের প্রতি অনুরোধ বাংলাদেশ সহ বিশ্বের প্রধান সমস্যা হল দারিদ্র দূরীকরণ, সন্ত্রাস দমন। এসব বিষয়ে কবিতা লিখে আমেরিকার, বাংলাদেশের ও বিশ্বের মানুষকে জাগ্রত করে এইসব সমস্যার সমাধান সম্ভব। ১৯১৩ সালে বাংলার কবি রবীন্দ্রনাথ ঠাকুর বাংলায় কবিতা লিখে নোবেল পুরস্কার লাভ করেন। আমার বিশ্বাস বিশ্বের বর্তমান সমস্যার সমাধান নিয়ে কবিতা লিখলে আপনারাও কৃতকার্য হবেন। শুভ কামনা রইলো।

**হাসান আলী, নিউইয়র্ক**

৩১ আগস্ট, ২০১৬

কবি হাসানআল আব্দুল্লাহ সম্পাদিত *শব্দগুচ্ছ* (নিউইয়র্ক ও ঢাকা থেকে প্রকাশিত) পত্রিকার জানু-জুন, ২০১৬ এবং কবি রনি অধিকারী সম্পাদিত *অনুভূতি* (ঢাকা, বাংলাদেশ থেকে প্রকাশিত) পত্রিকার কবিতায় জাদুবাস্তবতা সংখ্যার সৌজন্য/লেখক কপি বাংলাদেশ থেকে কবিবন্ধু রনি অধিকারী এনেছেন আমার জন্য। পত্রিকা দু'টি হাতে পেয়ে খুব ভাল লাগছে।

**রাহুল রায়চৌধুরী, কলকাতা**

১০ সেপ্টেম্বর, ২০১৬

রবীন্দ্রনাথকেও চিনতে অনেক সময় নিয়েছিল বাঙালি পাঠকেরা। ...দেখে শুনে মনে হচ্ছে স্বীকৃতির ক্ষেত্রে রবীন্দ্র দশাই ঘটতে যাচ্ছে কবি হাসানআল আব্দুল্লাহর।

**বেলাল বেগ, নিউইয়র্ক**

৩ সেপ্টেম্বর, ২০১৬

যারা রাস্তায় হাঁটে, কিন্তু রাস্তার যত্ন করে না, রাস্তার নাম জানে না, কোথায় কয়টা বাঁক তা মনে রাখতে না; তাদের মত কবিদের হলে চলে না। কবি-লেখকদেরকে অবশ্যই হতে হবে বিনম্র শ্রদ্ধায় অবনত এবং সাহসী। যারা ন্যায়ের প্রতি শ্রদ্ধা এবং অন্যায়ের প্রতি সাহসী প্রতিবাদ ছুঁড়ে দেবে বলে আমি মনে করি। যে কারণে শাদাকে শাদা; কালোকে কালো-ই বলি। আর তারই সূত্র ধরে আপনাকে-শব্দগুচ্ছকে নিয়ে আমার সামান্য প্রয়াস ছিলো সেই লেখাটি [দৈনিক ভোরের কাগজ সাময়িকীতে]। আশা করি সকল ভালোর পাশে আলোর মশাল হাতে তৈরি থাকবেন নিরন্তর...

**মোমিন মেহেদী, ঢাকা**

১০ আগস্ট, ২০১৬

অভিনন্দন কবি! বিশ্ব কবিতায় আপনার ক্রমাগত অংশগ্রহণ বাংলা ভাষার মর্যাদাকে উচ্চাসনে প্রতিষ্ঠিত করে চলেছে। হয়তো বাংলাদেশেরও। বাংলা কবিতার জয় হোক বাংলার নিবেদিত এই কবির অভীক্ষা ও আনন্দে।

**খন্দোকার খসরু পারভেজ, যশোর**

১৪ জুন, ২০১৬

অভিনন্দন, আপনার অর্জন আমাদের মাতৃভূমিকে আবারও বিশ্ব দরবারে তুলে ধরবে।

**শাহাব আহমেদ, ফ্লোরিডা**

১৬ জুন, ২০১৬

অভিনন্দন। আমাদের দেশে কিন্তু প্রতিভার কদর নেই। সবকিছু নষ্টদের দখলে। প্রতিটা মন্ত্রণালয়ে সাপ আর শুকরের উৎপাত। বিষবাক্সে দূষিত হচ্ছে দেশের পরিবেশ, প্রতিকূল। অন্যদিকে, শিল্প সাহিত্য সংস্কৃতি ও দেশের পবিত্রতা নষ্ট হচ্ছে প্রতিনিয়ত। আমরা বড় কঠিন সময়ের মধ্যে যাচ্ছি। এই কর্কশ কঠিন সময় ভেঙে, হতাশা বিড়ামনা ভেঙে আপনি আমাদের একটা সুসংবাদ জানান। আপনি আমাদের দেশের এক উজ্জ্বল নক্ষত্র। শুভকামনা।

**রনি অধিকারী, ঢাকা**

৩ জুন, ২০১৬

ইংরেজি বাংলার দ্বিভাষিক কবিতাপত্রিকা শব্দগুচ্ছ প্রথম চোখে পড়তেই যে ভবিষ্যৎ বাণী করেছিলাম, এখন দেখি তা নিয়মিতই ঘটে চলেছে। এ কবি দম্পতি শব্দগুচ্ছ সম্পাদক হাসানআল আব্দুল্লাহ এবং তাঁর জীবনসঙ্গী কবি নাজনীন সীমন বাংলা কবিতার বিশ্বপরিচয়ের পরিসর নিরলসভাবে ক্রমাগত সম্প্রসারণ করে চলেছেন। তাঁদের উদ্দেশ্যে জানালাম জয়বাংলা।

**বেলাল বেগ, নিউইয়র্ক**

৩০ অক্টোবর, ২০১৬

বাংলা কবিতার বিশ্বায়নে হাসানআল আব্দুল্লাহর প্রয়াস প্রশংসনীয়।


**ফিরোজ আশরাফ, ঢাকা**

অক্টোবর ৯, ২০১৬

কবি দা, দুনিয়ার সব সুগন্ধি যদি একটা ক্যানিস্টারে আটকে রেখে গর্ব করা হয় যে, আমি সুগন্ধির বিরাট আড়ৎদার, ব্যাপারটা কেমন হবে বলুন? সম্ভবত সবগুলো সুগন্ধির মলিকুল একত্রিত হয়ে বিচিত্র দুর্গন্ধের আরক তৈরি হবে। আমাদের অনেকের প্রাণের শহর, ঢাকার অবস্থা অনেকটা সেরকমের। চাকরীর সুবাদে অনেকদিন ঢাকায় বসবাসের সুযোগ হয়েছিল, ছিলাম বিভিন্ন এলাকায় কিন্তু আমার কাছে শহরটাকে বরাবরই খুব অসুস্থ মনে হয়েছে এবং সেই অসুস্থতা বলা চলে দুরারোগ্য। পরিচ্ছন্ন ঢাকা পেতে প্রয়োজন রাস্তায় ব্যবস্থার সারা দেশব্যাপী সুসম বণ্টন। একমাত্র এটার দিকে মন দিলেই পাওয়া যাবে একটা পরিচ্ছন্ন দেশ ও তার রাজধানী। এখন যেটা, যে চেহারাটা আমরা মূলত দেখি তা হল ওই অপুষ্ট শিশুর মতো, যার মাথাটা বিশাল! কিন্তু হাত পা গলাসহ অন্যান্য অঙ্গ-প্রত্যঙ্গ অস্বাভাবিক রকমের ক্ষমতা ও নাগরিক সুযোগ-সুবিধার বিকেন্দ্রীকরণ নাই বলে ঢাকার উপর বাড়তি জনসংখ্যার চাপ বাড়ছে এবং আগামীতে আরো বাড়বে। ফলে আপনি আমি হাজার চেষ্টা চালালেও পরিচ্ছন্নতা ফিরিয়ে আনা সম্ভব নয়। বিগত সব সরকারের সবাই কেউ ঢাকাকে তিলোত্তমা কেউ সুন্দরী করে গড়ে তুলবার বিভিন্ন উদ্যোগ নিয়েছিল কিন্তু তার ফলাফল যা হয়েছে, দৃশ্যমান ঢাকা সম্ভবত তার বাস্তব প্রমাণ। ঢাকার আশপাশের নদীগুলোর দশা সম্ভবত ঢাকার বাস্তবতার সবচেয়ে বড় স্কেল। এখন একটা সুস্থ ধারার সরকার ক্ষমতায়, দেখা যাক তারা বিষয়টা বুঝতে পারে কি না।

**এসকে কামরুল হাসান, যশোর**

৪ ডিসেম্বর, ২০১৬




২০১৭ বইমেলায়  
কবি ও বহুমাত্রিক লেখক  
হাসানআল আব্দুল্লাহ'র  
বই

১. নক্ষত্র ও মানুষের প্রচ্ছদ (মহাকাব্য ॥ ২য় সংস্করণ), অনন্যা
২. শহীদ কাদরী: সময়ের সম্পন্ন স্বর (জীবনী ॥ ২য় সংস্করণ), বিভাস
৩. স্বতন্ত্র সনেট: এ বাইলিঙ্গুয়াল এডিশন (অনুবাদ), ফেরল প্রেস ও ক্রস-কালচারাল কমিউনিকেশন্স, নিউইয়র্ক (যুক্তরাষ্ট্র থেকে প্রকাশিত এই অনুবাদ গ্রন্থটি কেবল শব্দগুচ্ছ লিটলম্যাগ-এ পাওয়া যাচ্ছে।)
৪. ছড়াছড়ি (ছড়াসঙ্কলন), সাউন্ডবাংলা
৫. অনুভূতি, হাসানআল আব্দুল্লাহ সংখ্যা, ২য় সংস্করণ, সম্পাদক: রনি অধিকারী।

আপনার কপিটি সংগ্রহ করুন!

A bilingual collection of the  
Selected Poems of  
Dr. Humayun Azad (1947-2004)




Translated by  
Hassanul Abdullah  
Edited by  
Stanley H. Barkan

Publisher: Bivas

ISBN 984-70343-0168-7  
\$15.00

Please order your copy from  
amazon.com

শব্দগুচ্ছ সুদৃশ্য, সুপাঠ্য, সুসম্পাদিত  
—শিবনারায়ণ রায়



২০১৭-র বইমেলায় এসেছে  
দ্বিতীয় সংস্করণ

অনুভূতি  
সম্পাদক: রনি অধিকারী

শিল্প সাহিত্যের এই ত্রৈমাসিক  
পত্রিকাটির প্রকাশ করেছে  
হাসানআল আব্দুল্লাহ সংখ্যা


মুঠোফোন: ০১৭১২-০২৪৬৫৫  
roni\_adhikari@yahoo.com

মানুষ ও মহাবিশ্বের চলমানতা নিয়ে  
বিজ্ঞানের আলোকে

কবি হাসানআল আব্দুল্লাহ  
রচিত

মহাকাব্য  
নক্ষত্র ও মানুষের প্রচ্ছদ

২০১৭ বইমেলায় প্রকাশিত হচ্ছে  
দ্বিতীয় সংস্করণ



প্রথম প্রকাশ ২০০৭

হাসানআল আব্দুল্লাহ বাংলার ভূমিজ  
এক নতুন শক্তি।

—জ্যোতির্ময় দত্ত

প্রচ্ছদ: প্রব এষ  
পৃষ্ঠা: ৩০৪

প্রকাশক: অনন্যা



**Naznin Seamon's**  
new book of poetry

### **Hollowness on the Horizon**


Translated from the Bengali  
by Hassanal Abdullah

Published by  
Feral Press  
Oyster Bay, NY

**Collages: John Digby**

**Collect Your Copy!**

**[www.pp-pub.com](http://www.pp-pub.com)**



### **মহাপৃথিবী**

শব্দ রক্ষিত সম্পাদিত ত্রৈমাসিক এই কবিতার  
কাগজটি প্রকাশিত হচ্ছে ৪২ বছর ধরে

কবিতা পাঠানোর ঠিকানা:

**Mahaprithivi**  
Birinchiberia, Purba Sreekrishnapur,  
Purba Midnapore 721635, W. B., INDIA

রবীন্দ্রনাথকেও চিনতে অনেক সময় নিয়েছিল বাঙালি পাঠকেরা।  
...দেখে শুনে মনে হচ্ছে স্বীকৃতির ক্ষেত্রে রবীন্দ্র দশাই ঘটতে  
যাচ্ছে কবি হাসানআল আব্দুল্লাহর।

—বেলাল বেগ

**Rafiq Azad**  
(1943 - 2016)

### **YOU: TWENTY YEARS BEFORE AND NOW**

You used to misuse the language terribly. You had a suburban accent, and you mispronounced many words. You used to say "Prothom Chudhuri" instead of "Promotho Chudhuri," and "expat" while you meant "expert." Your personal life was occupied with so many chilly mistakes like this. But at that time, so many years ago, in the beginning of our teenage years, I happened to love it very much.

You used to mix both elegant and colloquial forms of the language in your exams. You were very absent minded in the use of language. You were a shy and face-down-unapproachable girl. "Sudden" was the word you used for "saddened." I rather fell in love with the misplacing and mispronouncing of words in your speech.

I heard your public address after twenty years. The topic: Freedom of Women. It was so neat and so accurate in pronouncing words that I simultaneously became surprised and saddened!

A knot in my heart was silently cleared up after twenty years.

*Translated from the Bengali by Hassanal Abdullah*

**Shaheed Quaderi**  
(1942 – 2016)

# THE SHINING PROSTITUTES

In some secret corners of the city, the sickening roses of love—  
cool, black, amid the aroma of dirt,  
the sleepless, distracted nymphs of a virgin garden,  
You, my dearest night-sun,  
are the sudden stimulation of ruthless men.  
When every street is blocked,  
doors of relatives and restaurants are closed,  
illuminating the horizon you wave your flags—your only blouse.  
The unusual attraction vibrates like a morning call.

In the dank house of prayer, you unfold your jainamaj,  
the dry quilt, the bed, and the happiness of woolen warmth.  
Bring back teenaged pleasure through hugs and kisses,  
people, distorted, deprived, broken limbs,  
and the ones who have lost parental love—  
fighting for their pungent existence in muddy water and storm,  
are tenderly nursed by your dying breasts.

For moments, I, too, am the tacky king of this false paradise.  
Nothing is worthy as what you offer for just a little change.  
You are the shining bride of unhealthy time,  
spread the scent of life to the vagabonds.  
To me, ethics has no worth  
but to praise you from the bottom of my heart.

*Jainamaj: The mat on which a Muslim pray.*

*Translated from the Bengali by Hassanal Abdullah*

## CONTRIBUTORS

### Poetry and Translation

Dariusz Thomasz Lebioda Nino Provenzano Fuad Atal  
Peter Thabit Jones Joan Digby Kristine Doll John Digby  
Carolyn Mary Kleefeld Richard Jeffrey Newman Bishnupada Ray  
Dileep Jhaveri J. Scotte Barkan Shokrana Sarkar Rachel Mejia  
Baitullah Quaderee Motin Raihan Dilara Hafiz Anisur Rahman Apu  
Roni Adhikari Jasim Uddin Tutul Hassanal Abdullah

### A Tribute To

Shaheed Quaderi (1942-2016) Syed Shamsul Huq (1935-2016)  
Rafiq Azad (1943-2016)

### Book Review

Nicholas Birns

### Letters to the Editor

Stanley H. Barkan Nirmalendu Goon Belal Beg  
Tomasz Marek Sobieraj Naznin Seamon Bishnupada Ray  
Sk Kamrul Hashan Hasan Ali Firoz Ashraf Ariful Islam Shahab Ahmed  
Taher Ahmed Razu Rahul Roychowdhury Momin Mahadi  
Khondkar Khosru Parvez Roni Adhikari

### Cover Art

Al Noman

### Logo

Najib Tareque

**Shabdaguchha Press**

Woodhaven, New York  
ISSN 1531-2038